

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৬

পর্ব - ১% পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭. কাযায়ে হাযাত বা প্রকৃতির ডাকে সাড়া দেয়ার (পায়খানা প্রস্রাবের) বর্ণনা - ইস্কিঞ্জা করার সময় পানি ও পাথর একত্রিত করার বিধান

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ _ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ سَأَلَ أَهْلَ قُبَاءٍ, فَقَالُوا: إِنَّا نُتْبِعُ الْحِجَارَةَ الْمَاءَ. رَوَاهُ الْبَزَّارُ بِسَنَدٍ ضَعِيفٍ

ضعيف. لجمعه بين الحجارة والماء، ورواه البزار (227/كشف الأستار)

বাংলা

১০৬। ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুবাবাসীকে প্রশ্ন করেন, 'আল্লাহ তোমাদের সুনাম করেন কেন? 'তারা বললো, আমরা সৌচ করার সময় পাথর ব্যবহার করার পর পানিও ব্যবহার করে থাকি'। বাযযার য'ঈফ সানাদে।[1]

English

Narrated Ibn 'Abbas (變):

The Prophet (ﷺ) asked the residents of Quba that what had earned them the Praise of Allah and they replied, "We use water after (cleaning ourselves with) stones." [Reported by Al-Bazzar with Da'if chain of narrators]

ফুটনোট

[1] যঈফ। হাদীসটিকে পাথর ও পানির একত্রিত করণের কারণে হাদীস যঈফ হয়েছে। বাযযার কাশফুল আসরার" এ বর্ণনা করেছেন (২২৭/)। ইমাম হায়সামী মাজমাউয যাওয়ায়েদ (১/২১৭) গ্রন্থে বলেন, এর সনদে



মুহাম্মদ বিন আব্দুল আয়ীয বিন উমার আয-যুহরী রয়েছে যাকে ইমাম বুখারী, ইমাম নাসায়ী ও অন্যান্যরা যঈফ বলেছেন। ইবনুল মুলকিন তুহফাতুল মুহতায (১/১৭০) গ্রন্থে উক্ত রাবী সম্পর্কে বলেন, সকলেই তাকে যঈফ বলেছেন। ইবনু হাজার আত-তালখীসুল হাবীর (১/১৬৯) গ্রন্থে উক্ত রাবী সম্পর্কে বলেন, আবু হাতিম ও আব্দুল্লাহ বিন শাবীব তাকে দুর্বল বলেছেন। শায়খ আলবানী ইরওয়াউল গালীল (১/৮৩) গ্রন্থে হাদীসটি দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন